

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৫

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, ঈমান সর্বদা একই অবস্থায় থাকে; তাতে কমতি বা কামালিয়াত প্রবেশ করে না-তার কথা অপনোদনকারী হাদীসের বর্ণনা

ذِكْرُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ زَعَمَ أَنَّ الْإِيمَانَ لَمْ يَزَلْ عَلَى حَالَةٍ وَاحِدَةٍ مِنْ غَيْرِ أَنْ يَدْخُلُهُ نَقْصٌ أَقْ كَمَالٌ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ إِدْرِيسَ عَنْ أَبِيهِ عَنْ قَيْسِ بْنِ مُسْلِمٍ عَنْ طَارِقِ بْنِ شِهَابٍ قَالَ: قَالَ يَهُودِيُّ لِعُمَرَ: لَوْ عَلِمْنَا مَعْشَرَ الْيَهُودِ مَتَى نَزَلَتْ هَذِهِ الْآيَةُ لَآتَخَذْنَاهُ عِيدًا {الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ} [المائدة: 3] وَلَوْ نَعْلَمُ الْيَوْمَ الَّذِي نَزَلَتْ فِيهِ لاتخذناه عيدا فقال عمر رضي الله تعالى عَنْهُ: "قَدْ عَلِمْتُ الْيَوْمَ الَّذِي أَنْزِلَتْ فِيهِ وَاللَّيْلَةَ الَّتِي أُنْزِلَتْ يَوْمَ الْجُمُعَةِ وَنَحْنُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِعَرَفَات.

الراوي : طَارِق بْن شِهَابٍ عَنْ عُمَرَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا

المصدر: صحيح ابن حبان

الصفحة أو الرقم: 185 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৮৫. তারিক বিন শিহাব রহিমাহুল্লাহ বলেন: 'এক ইয়াহুদী উমার রাদিয়াল্লাহু আনহুকে বললো যে, 'আজ তোমাদের উপর তোমাদের দ্বীনকে পরিপূর্ণ করে দিলাম...। (সূরা আল মায়িদা: ৩) যদি আমরা ইয়াহুদীরা জানতাম যে, এই আয়াত কখন নাযিল হয়েছে, তাহলে সেই সময়কে আমরা ঈদ বা উৎসবের সময় হিসেবে গ্রহণ করতাম। আর যদি আমরা জানতাম যে, এই আয়াত কোন দিন নাযিল হয়েছে, তাহলে সেই দিনকে আমরা ঈদ বা উৎসবের দিন হিসেবে গ্রহণ করতাম।' তখন উমার রাদিয়াল্লাহু আনহু তাকে বললেন: 'আমি জানি যে, আয়াতটি কখন নাযিল হয়েছে এবং কোন রাতে নাযিল হয়েছে সেটাও জানি। আয়াতটি নাযিল হয়েছে জুমু'আর দিন, এসময় আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে আরাফায় ছিলাম।'[1]



ফুটনোট

[1] নাসাঈ: ৫/২৫১; সহীহ মুসলিম: ৩০১৭; বাইহাকী, আস সুনান: ৫/১১৮; সহীহ আল বুখারী: ৪৫; তিরমিযী: ৩০৪৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আন নাসাঈ: ২৮০৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ তারিক ইবনু শিহাব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন